

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৯৫৬

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৭. তৃতীয় অনুচ্ছেদ - তাশাহুদের মধ্যে দু'আ

আরবী

وَعَنْ جَابِرٍ قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ فِي صَلَاتِهِ بَعْدَ التَّشَهُّدِ: «أَحْسَنُ الْهَدي هدي مُحَمَّد». رَوَاهُ النَّسَائِيّ

বাংলা

৯৫৬-[১৮] জাবির (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর সালাতের মধ্যে আত্তাহিয়্যাতু পাঠ করার পর বলতেন, ''আহসানুল কালা-মি কালামুল্ল-হি ওয়া আহসানুল হাদয়ি হাদয়ু মুহাম্মাদিন সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম''- (অর্থাৎ- আল্লাহর 'কালামই' সর্বোত্তম কালাম। আর রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর হিদায়াতই সর্বোত্তম হিদায়াত।)। (নাসায়ী)[1]

ফুটনোট

[1] সানাদটি সহীহ: নাসায়ী ১৩১১।

ব্যাখ্যা

ব্যাখ্যা: হাদীসটির সুস্পষ্ট অর্থ দাঁড়ায় উল্লিখিত দু'আটি শারী'আতসম্মত তাশাহুদের পরে এবং সালামের পূর্বে আর এটাই নাসায়ী (রহঃ) অনুধাবন করেছেন তিনি হাদীসটিকে চয়ন করেছেন।

بَابُ نَوْعِ اخِرُ مِّنَ الذِّكْرِ بَعْدَ التَّشَهُّدِ তথা তাশাহুদের পরে আরো অন্যান্য দু'আ অনুরূপ জাহারী জামি'উল উসূলে বলেছেন।

কিন্তু আলবানী (রহঃ) ভিন্ন মত পোষণ করে বলেন, উল্লিখিত দু'আটি প্রসিদ্ধ খুতবাহ্ হাজাত এর মধ্যে শাহাদাত-এর পরে প্রযোজ্য। এমনকি তিনি বলেছেন, فِي صَلَاتِه দ্বারা উদ্দেশ্য তাঁর দু'আ ও আল্লাহর প্রশংসায় بَعْدُ দ্বারা উদ্দেশ্য খুৎবায়।



আর জাবির (রাঃ)-এর এ হাদীস সংক্ষিপ্ত নাসায়ীতে যা বিস্তারিত মুসলিমে এসেছে।

জাবির (রাঃ) বলেন, রসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যখন খুৎবাহ্ বা ভাষণ দিতেন তাঁর চোখ লাল হতো এবং আওয়াজ উঁচু হতো এবং তাঁর রাগ কঠিন হতো এবং তার পরে বলতেন সর্বোত্তম বাণী হলো আল্লাহর কিতাব আর সর্বোত্তম পথ হলো মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর পথ এবং তাঁর বর্ণনায় অন্য শব্দে এসেছে-

তিনি খুৎবাহ্ দিতেন এবং আল্লাহর প্রশংসা করতেন যে, প্রশংসার তিনি যোগ্য, অতঃপর বলতেন আল্লাহ যাকে হিদায়াত দেন তাকে পথভ্রষ্ট কেউ করতে পারে না। আর যাকে পথভ্রষ্ট করেন তাকে কেউ হিদায়াতের পথ দেখাতে পারে না। আর উত্তম হাদীস হলো আল্লাহর কিতাব। আর আল্লাহর প্রশংসা বলতে এখানে প্রসিদ্ধ খুতবাহ্।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন